



## সৈয়দপুরে সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে বিনামূল্যে চক্ষুসেবা



মানবিক সাহায্য সংস্থার আই কেয়ার প্রোগ্রামের উদ্যোগে গত ১৫ই জানুয়ারি সৈয়দপুর উপজেলার কামারপুকুর ইউনিয়ন পরিষদে সুবিধাবঞ্চিত ও আর্থিকভাবে অসচ্ছল সেবা প্রত্যাশীদের বিনামূল্যে চক্ষু সেবা প্রদান করা হয়েছে। চক্ষু শিবির উদ্বোধন করে মানবিক সাহায্য সংস্থার সভাপতি জনাব ফারুক হাসান বলেন, “এমএসএস সব সময় সুবিধাবঞ্চিত মানুষের পাশে আছে। আমরা স্যোসাল সার্ভিস প্রোগ্রামের মাধ্যমে

আর্থিকভাবে অসচ্ছল জনগোষ্ঠীর কল্যাণে কাজ করে যাচ্ছি। ২০১৪ সাল থেকে এ পর্যন্ত আই কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আমরা প্রায় ২ লক্ষ সেবা প্রত্যাশীদের বিনামূল্যে চক্ষু সেবা প্রদান করেছি। ভবিষ্যতেও আমাদের এমন কার্যক্রম অব্যাহত থাকবে।”

দিনব্যাপী চক্ষু শিবির বাস্তবায়ন করে সর্বমোট ৪৮৩ জনকে বিনামূল্যে চক্ষু পরীক্ষা, চক্ষু স্বাস্থ্য বিষয়ক পরামর্শ প্রদান করা হয়। যার মধ্যে ১১৪ জনের চোখে ছানি শনাক্ত হয়েছে, ২০১ জনকে চশমা প্রদান করা হয়েছে ও ৫৫ জনকে এমএসএস-ইসিপি অংশীদার হাসপাতালে রেফার করা হয়েছে।

উল্লেখ্য, মানবিক সাহায্য সংস্থার আই কেয়ার প্রোগ্রাম জুলাই ২০১৪ থেকে জানুয়ারী ২০২৪ পর্যন্ত মোট ৪১৮টি চক্ষু শিবির দেশের প্রত্যন্ত অঞ্চলে বাস্তবায়ন করেছে। এ পর্যন্ত মোট ১ লাখ ৯৬ হাজার ৮১৭ জনকে বিনামূল্যে চক্ষুসেবাসহ ৯৯,১৬৭ জনের সার্জারি সম্পন্ন করা হয়েছে।

## বর্ষসেরা এমএসই কর্মীদের পুরস্কৃত করলো এমএসএস



চলতি বছরেই পঞ্চাশ বছরে পদার্পণ করেছে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)। সুবর্ণ জয়ন্তীকে স্মরণীয় করে রাখতে বছরব্যাপী নানা কর্মসূচির অংশ হিসেবে মাইক্রো ও ক্ষুদ্র এন্টারপ্রাইজ (এমএসই) শাখার বর্ষসেরা কর্মীদের পুরস্কৃত করা হয়। সৈয়দপুরে অবস্থিত সংস্থার কমিউনিটি বেইজড রিসোর্স সেন্টার (সিবিআরসি) প্রাঙ্গণে এক সেমিনারে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন

এমএসএস সভাপতি জনাব ফারুক হাসান ও মাইক্রো ফ্রেডিট রেগুলেটরি অথরিটির এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ।

এ সময় জনাব ফারুক হাসান বলেন, এমএসএস এর সব কর্মীরাই সেরা। তবে সবার মাঝে প্রতিযোগিতার আবহ তৈরি করতে এই পুরস্কার প্রদান করা হয়েছে। আমার বিশ্বাস এমন পুরস্কার সংস্থার সকল কর্মীদের মাঝে কর্মস্পৃহা আরো বাড়িয়ে দিবে।

মূলত বিগত বছরে ঋণ বিতরণ, কিস্তি আদায় ও এমএসই শাখার অগ্রগতিতে উল্লেখযোগ্য অবদান রাখায় সেরা ৫ কর্মীকে পুরস্কৃত করে এমএসএস। এমএসই শাখার পুরস্কারপ্রাপ্ত কর্মীরা হলেন, মোঃ আল মামুন (আইডিঃ ৪৫৩৭), সবুজ মিয়া (আইডিঃ ২৯৬৮), আমিনুর রহমান (আইডিঃ ৬০৪), আবু বক্কর সিদ্দিকী (আইডিঃ ৪৫৫১) ও মোঃ শাহিনুর রহমান (আইডিঃ ৪৪৩১)।

## ১৭টি উপানুষ্ঠানিক শিক্ষালয়ে একযোগে ‘বই উৎসব ২০২৪’ পালিত



বিপুল উৎসাহ-উদ্দীপনা ও আনন্দমুখর পরিবেশে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস) কর্তৃক পরিচালিত উপানুষ্ঠানিক শিক্ষালয়ের ১৭টি শাখায় একযোগে

‘বই উৎসব ২০২৪’ পালিত হয়েছে।

এমএসএস এর সোস্যাল সার্ভিস প্রোগ্রামের উর্দ্ধতন কর্তৃপক্ষের তত্ত্বাবধানে প্রথম থেকে চতুর্থ শ্রেণীর মোট ৪৪৪ জন শিক্ষার্থীর মাঝে বিনামূল্যে বই ও অন্যান্য শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

বছরের শুরুতেই নতুন বই ও বিভিন্ন শিক্ষা উপকরণ হাতে পেয়ে উচ্চাঙ্গ প্রকাশ করেন শিক্ষার্থীরা। এসময় এমএসএস সোস্যাল সার্ভিস প্রোগ্রামের এক উর্দ্ধতন কর্মকর্তা বছরের শুরুতেই সুবিধাবঞ্চিত শিশুদের হাতে বই তুলে দিতে পেরে সন্তুষ্ট প্রকাশ করেন।

## চায়ের দোকানে স্বপ্ন বুনছেন ষাটোর্ধ্ব মনসুর আলী



‘প্রবীণ সোনালী উদ্যোগ’ শীর্ষক কর্মসূচীর আওতায় সৈয়দপুর উপজেলার বাঙ্গালীপুর ইউনিয়নের ষাটোর্ধ্ব প্রবীণ মনসুর আলী চায়ের দোকান স্থাপন ও পরিচালনার মাধ্যমে স্থায়ীভাবে নিজের অবস্থানের পরিবর্তন করতে সক্ষম হয়েছেন।

সুস্থ ও সুঠাম দেহের অধিকারী হলেও উপযোগী কর্ম না থাকায় বেকার সময় কাটছিল তার। এরপর এমএমএস এর সঠিক পরিকল্পনা ও বাস্তবায়নে এককালীন ১৫,০০০ টাকায় কিছু আসবাব পত্র, চায়ের ফ্লাক্স আর নিত্য প্রয়োজনীয় সামগ্রী নিয়ে চায়ের দোকান পরিচালনা শুরু করেন।

বছর কয়েক আগেও ছেলের সংসারে বোঝা হয়ে থাকা মনসুরের এখন চা, বিস্কুট আর নিত্যপ্রয়োজনীয় পণ্য বিক্রিতে ব্যস্ত সময় কাটে। দোকান সামলানোর কাজে তাকে সহায়তা করে ছেলের বৌ আর নাতনি। খরচ বাদে প্রতিদিন ৩০০ টাকা লাভ করেন মনসুর আলী।

প্রতিদিনের আয় হতে তিনি সাপ্তাহিক ভিত্তিতে এমএসএস এ সঞ্চয় করেন। ডিসেম্বর ২০২৩ পর্যন্ত ৭,৪৬৫ টাকা সঞ্চয়ী সদস্য হিসাবে জমা করেছেন মনসুর আলী। এই সঞ্চয় বৃদ্ধি করে মূলধনে রূপান্তর করে উত্তোরাধিকারদের ভবিষ্যৎ গড়ে দিতে চান তিনি। এমন কর্মসূচীর অংশ হতে পেরে তিনি মানবিক সাহায্য সংস্থার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

পিকেএসএফ এর অর্থায়নে ‘প্রবীণ সোনালী উদ্যোগ’ কর্মসূচি বাস্তবায়ন করছে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)।

উল্লেখ্য, মানবিক সাহায্য সংস্থার মহিলা ঋণদান কর্মসূচির অধীনে বর্তমানে ১৫৭,৪৯১ জন সঞ্চয়ী সদস্য রয়েছেন।